

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৭৪

৩. যাকাত অধ্যায় (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ ১৩. যাকাত ছাড়াও মাল-সম্পদে যা ওয়াজিব (হক্ক) রয়েছে

بَابِ مَا يَجِبُ فِي مَالٍ سِوَى الزَّكَاةِ

## আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الطُّفَيْلِ حَدَّثَنَا شَرِيكٌ عَنْ أَبِي حَمْزَةَ عَنْ عَامِرٍ عَنْ فَاطِمَةَ بِنْتِ قَيْسٍ قَالَتْ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ إِنَّ فِي أَمْوَالِكُمْ حَقًّا سِوَى الزَّكَاةِ

## বাংলা

১৬৭৪. ফাতিমাহ বিনতে কাইস রাদ্বিয়াল্লাহু আনহা হতে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, "তোমাদের মাল-সম্পদে যাকাত ছাড়া আরো হক্ক রয়েছে।"[1]

## ফুটনোট

[1] তাহকীক্ব: এর সনদ যয়ীফ, আবী হামযাহ মায়মূন আল আউর এর যয়ীফ হওয়ার কারণে।

তাখরীজ: তিরমিযী, যাকাত ৬৫৯,৬৬০; ইবনু আদী, আল কামিল৪/১৩২৮; দারুকুতনী ২/১২৫; বাইহাকী, যাকাত ৪/৮৪; ইবনু আবী হাতিম, ইবনু মারদুবিয়াহ-যা ইবনু কাছীর তার তাফসীর ১/২৯৮ এ উল্লেখ করেছেন; তাবারী ২/৯৬; ইবনু মাজাহ, যাকাত ১৭৮৯;

ইমাম বাইহাকী (মা'রেফাতুস সুনান ৬/১২ তে) এর দূর্বলতার কথা ইমাম আহমাদ, ইবনু মাঈন ও অন্যান্যদের থেকে উল্লেখ করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ ফাতিমা বিনত কায়স (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন